

Total No. of Printed Pages—4

**3 SEM TDC BNL MIL (C) 2**

**2 0 1 4**

( November )

**BENGALI**

( Modern Indian Language )

( Commerce )

Course : 302

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

*Candidates eligible for Internal Assessment shall  
answer Question Nos. 1 to 7*

Full Marks : 80

Pass Marks : 32

*Candidates not eligible for Internal Assessment shall  
answer Question Nos. 1 to 8*

Full Marks : 100

Pass Marks : 40

ক—বিভাগ

( মূল্যাংক : ৪০ )

১। এক কথায় উত্তর দাও :

১×৪=৪

(ক) “বুড়ো আগে ছিল রেলের গার্ড, রিটায়ার করার পর  
একটা মুদির দোকান দিয়েছিল—অনভিজ্ঞ লোক। তার  
ওপর দোকান ভেঙে খেতো—ফলে দোকান গেল উঠে।”  
কার কথা বলা হয়েছে?

(খ) “স্টেশন ছিল না, ট্রেন থামতো না, তবু রেলের লোকদের মুখে মুখে একটা নতুন নাম চালু হয়ে গিয়েছিলো, তা থেকে আমরাও বলতাম —।”  
(শূন্যস্থান পূর্ণ কর)

(গ) “তোমার স্বেচ্ছাচারিতা দিন দিন বেড়েই চলেছে। হিটলারের মত একটা ডিক্টেটর হয়ে উঠছিস। বউমাকে তুই কোথাও নিয়ে যেতে পারবি না।” কার উক্তি?

(ঘ) অল্পপূর্ণা চরিত্রটি তোমাদের পাঠ্য কোন গল্পের অন্তর্ভুক্ত?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

৪×২=৮

(ক) ‘ভারতবর্ষ’ প্রবন্ধে বর্ণিত লেখক রমাপদ চৌধুরীকে অনুসরণ করে মাহাতোদের জীবনযাত্রার পরিচয় দাও।

(খ) “তুমি আর কোন আকাশ থেকে টাকা পেড়ে আনবে শুনি? তারানাথ রায়ের টাকাই তো?” বক্তা কে? সংক্ষেপে তার চরিত্র পরিস্ফুট কর।

(গ) শোভন কে? তার সম্পর্কে যা জান, সংক্ষেপে লেখ।

৩। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১৪×২=২৮

(ক) ‘অভিনেত্রী’ গল্পে কাকে অভিনেত্রী বলা হয়েছে? তার চরিত্র বিশ্লেষণ কর।

(খ) ‘শ্বেতপাথরের টেবিল’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার কর।

(গ) ট্রাজেডি হিসেবে ‘পুঁইমাচা’ গল্পটির বৈশিষ্ট্য নিরূপণ কর।

খ—বিভাগ

( মূল্যাংক: ১০ )

- ৪। নিম্নলিখিত যে-কোন পাঁচটির পারিভাষিক বাংলা প্রতিশব্দ লিখে  
বুঝিয়ে দাও :

২×৫=১০

Accommodation Bill; Ceiling Price;  
Window Dressing; Back a Bill;  
Inheritance Tax; Floating Charges;  
Surrender Value; Market Fluctuation.

গ—বিভাগ

( মূল্যাংক: ১০ )

- ৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) তুমি তোমার প্রতিষ্ঠানের আয়কর আগম (Income-tax Return) তোমার নির্দিষ্ট বিভাগে জমা দেওয়া সত্ত্বেও ভিন্ন বিভাগ থেকে 'আয়কর আগম' জমা দেওয়ার নোটিশ এসেছে! তদুত্তরে একখানি যথোপযুক্ত পত্র লেখ।

(খ) সম্প্রতি তোমার প্রতিষ্ঠান একটি নূতন পণ্য উৎপাদন করেছে। ক্রেতা-সাধারণের দৃষ্টি আকর্ষণ করবার জন্য একখানি প্রচার পত্র রচনা কর।

(গ) কোন একটি ব্যাঙ্কে কয়েকজন সুদক্ষ হিসাবরক্ষক প্রয়োজন। যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ও নূনতম প্রত্যাশিত বেতন ইত্যাদি জানিয়ে একখানি আবেদনপত্র রচনা কর।

ঘ—বিভাগ

( মূল্যাংক : ১০ )

- ৬। নিম্নলিখিত যে-কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ১০
- (ক) অসমে বিদ্যুৎ-সংকট ও তার প্রতিকার  
(খ) ভারতের ক্রেতা সমবায় ও তার অগ্রগতি  
(গ) রাজনীতি, দুর্নীতি ও ব্যবসায়  
(ঘ) বনসংরক্ষণ

ঙ—বিভাগ

( মূল্যাংক : ১০ )

- ৭। নিম্নলিখিত যে-কোন একটি বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রস্তুত কর : ১০
- (ক) পাইকারী বিক্রেতা ও খুচরা বিক্রেতার মধ্যে পার্থক্য  
(খ) বর্তমানে ভারতীয় টাকার মূল্য

চ—বিভাগ

( মূল্যাংক : ২০ )

( আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে )

- ৮। (ক) 'নীলুর দুঃখ' গল্পে নীলু চরিত্রটি যেভাবে ফুটে উঠেছে, তা তোমার নিজের ভাষায় পরিস্ফুট কর। ১০
- (খ) নূতন বাজেট ঘোষণার সঙ্গে সঙ্গে বাজারে অনেক জিনিস অসঙ্গতরূপে দুর্মূল্য ও দুস্প্রাপ্য হয়ে উঠেছে। এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে কোন পত্রিকায় প্রকাশের জন্য একখানি পত্র লেখ। ১০

\*\*\*